Question 1 Correct

## জাতিসংঘের পূর্বসূরী সংগঠনের নাম কী ছিলো?

A League of Nations ✔

B Unity of Nations

C League of Countries

D League of The World

A 96% B 4% C 1% D 0%

**Solution:**

প্রথম বিশ্বযুদ্ধের ভয়াবহতা ও ধ্বংসযজ্ঞের প্রেক্ষাপটে সারা বিশ্বে শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯১৯ সালের প্যারিস শান্তি সম্মেলনে জাতিপুঞ্জ বা League of Nations গঠিত হয়। এটি মূলত মার্কিন প্রেসিডেন্ট উড্রো উইলসনের ১৪ দফা প্রস্তাবের উপর ভিত্তি করে ঘোষিত হয়েছিল। এটিকে বর্তমান জাতিসংঘের পূর্বসূরী হিসেবে বিবেচনা করা হয়।

Question 2 Correct

11:06 68%



Question 2 Correct

কোনটি জাতিসংঘের আবহাওয়া সংস্থা?

A International Weather Organization

B World Weather Organization

C World Climate Organization

D World Meteorological Organization ✔

| A 4% | B 1% | C 4% | D 91% |
|---|---|---|---|

**Solution:**

জাতিসংঘের আবহাওয়া বিষয়ক সংস্থা হলো World Meteorological Organization বা বিশ্ব আবহাওয়া সংস্থা। এটি ১৯৫০ সালে গঠিত হয় এবং এর সদর দপ্তর জেনেভাতে অবস্থিত। এর বর্তমান সদস্য সংখ্যা ১৯৩ টি।

Question 3 Incorrect

প্রতিবছর আন্তর্জাতিক নিরাপত্তার উপর বার্ষিক সম্মেলন কোন মাসে অনুষ্ঠিত

11:06 68%



Question 3 Incorrect

প্রতিবছর আন্তর্জাতিক নিরাপত্তার উপর বার্ষিক সম্মেলন কোন মাসে অনুষ্ঠিত হয়?

A জানুয়ারি

B ফেব্রুয়ারি ✓

C সেপ্টেম্বর

D ডিসেম্বর

A 4% B 9% C 84% D 3%

**Solution:**

আন্তর্জাতিক নিরাপত্তা হলো বিশ্ব পর্যায়ে জাতীয় নিরাপত্তা বা রাষ্ট্রীয় নিরাপত্তা। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর এটি নতুন বিষয়ে পরিণত হয়েছে, যা আন্তর্জাতিক নিরাপত্তা নামে পরিচিত। আন্তর্জাতিক নিরাপত্তার উপর একটি বাৎসরিক সম্মেলন হলো ‘মিউনিখ নিরাপত্তা সম্মেলন’ যা প্রতিবছরের ফেব্রুয়ারি মাসে জার্মানির মিউনিখ শহরে অনুষ্ঠিত হয়।

Question 4 Incorrect

কোন মিশনের মাধ্যমে জাতিসংঘের শান্তি মিশন শুরু হয়?

A UNIKOM

B UNTAG

C UNTSO ✔

D UNIIMOG

A 2% B 3% C 41% D 58%

**Solution:**

কোনো নির্দিষ্ট অঞ্চল বা জাতি যাতে যুদ্ধে নিজেদের সম্পৃক্ত না করে, সেজন্য সেখানে জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনী মোতায়েন করে। শান্তিরক্ষী বাহিনী ঐ অঞ্চলের একটি নিরাপত্তা দেয়াল হিসেবে কাজ করে। আরব-ইসরাইলের মধ্যে সংঘটিত ১ম যুদ্ধ পরবর্তী UNTSO মিশনের মাধ্যমে ১৯৪৮ সাল থেকে জাতিসংঘ প্রথম শান্তিরক্ষা কার্যক্রম শুরু করে। কার্যক্রমটি শুরু হয় ফিলিস্তিনে।

11:07 G G • 68%



Question 5 Correct

মার্কিন প্রেসিডেন্ট ও বৃটিশ প্রধানমন্ত্রী যে জাহাজে বসে আটলান্টিক সনদ স্বাক্ষর করেছিলেন তার নাম কী?

A কুইন এলিজাবেথ

B প্রিন্স অফ ওয়েলস ✔

C প্রিন্স অফ সাসেক্স

D প্রিন্স অফ ওয়েস্টফিলিয়া

A 3% B 82% C 3% D 12%

**Solution:**

জাতিসংঘ গঠনের দ্বিতীয় পদক্ষেপ আটলান্টিক সনদ। মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট এবং বৃটিশ প্রধানমন্ত্রী উইনস্টন চার্চিল ১৪ আগস্ট, ১৯৪১ আটলান্টিক মহাসাগরে বৃটিশ রণতরী প্রিন্স অব ওয়েলস এ এক বৈঠকে মিলিত হয়ে ৮ দফা সম্বলিত আটলান্টিক সনদ ঘোষণা দেন।

Question 6 Correct

## কোন সম্মেলনে জাতিসংঘের ৫ স্থায়ী সদস্যকে 'ভেটো' ক্ষমতা প্রদান করা হয়?

A মস্কো সম্মেলন

B ডাম্বারটন-ওকস সম্মেলন

C তেহরান সম্মেলন

D ইয়াল্টা সম্মেলন ✔

A 2% B 11% C 5% D 82%

**Solution:**

ক্রিমিয়ার ইয়াল্টা শহরে ১৯৪৫ সালে অনুষ্ঠিত 'ইয়াল্টা সম্মেলনে' তৎকালীন রুশ নেতা জোসেফ স্ট্যালিন, মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন রুজভেল্ট ও বৃটিশ নেতা উইনস্টন চার্চিল অংশগ্রহণ করেন। এই সম্মেলনের মাধ্যমে ৫টি স্থায়ী সদস্যের 'ভেটো ক্ষমতা' প্রদান করা হয় এবং নিরাপত্তা পরিষদের বর্তমান ব্যবস্থাবলি গ্রহণ করা হয়। ভেটো ল্যাটিন শব্দ। এর অর্থ আমি ইহা মানি না।

Question 7 Correct

সাধারণ পরিষদের অধিবেশনে প্রতিটি সদস্য রাষ্ট্র কয়জন প্রতিনিধি পাঠাতে পারেন?

A ৩ জন

B ১ জন

C ৫ জন ✔

D ২ জন

A 3% B 5% C 90% D 3%

**Solution:**

জাতিসংঘের সাধারণ পরিষদ জাতিসংঘের সকল সদস্য নিয়ে গঠিত। এর অন্য নাম আইন পরিষদ/আলোচনা পরিষদ। সাধারণ পরিষদের নিয়মিত বার্ষিক অধিবেশন শুরু হয় প্রতিবছর সেপ্টেম্বর মাসের তৃতীয় মঙ্গলবার এবং মধ্য ডিসেম্বর পর্যন্ত তা চলে। সাধারণ পরিষদের অধিবেশনে প্রত্যেক সদস্যরাষ্ট্র ৫ জন করে প্রতিনিধি পাঠাতে পারে।

Question 8 Correct

## নিচের কোন দেশটি জাতিসংঘের পর্যবেক্ষক দেশ?

- A ফিলিস্তিন ✔
- B নাউরু
- C কসোভো
- D দক্ষিণ সুদান

A 94% B 2% C 3% D 2%

**Solution:**

জাতিসংঘের বর্তমান সদস্য দেশ ১৯৩টি। সর্বশেষ সদস্য দেশ দক্ষিণ সুদান। অপরদিকে পর্যবেক্ষক দেশ দুটি। যথা: ফিলিস্তিন ও ভ্যাটিকান সিটি।

Question 9 Skipped

## ২০০০ সালে গৃহীত জাতিসংঘের Millennium Development Goals এর মোট লক্ষ্য কয়টি ছিলো?

11:07 68%
online.uttoron.academy
উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

২০০০ সালে গৃহীত জাতিসংঘের Millennium Development Goals এর মোট লক্ষ্য কয়টি ছিলো?

A ৮টি ✔

B ১০টি

C ১৫টি

D ১৮টি

A 77% B 7% C 9% D 8%

**Solution:**

২০০০ সালের ৮ সেপ্টেম্বর নিউইয়র্কে জাতিসংঘের ১৮৯ দেশের রাষ্ট্র ও সরকারপ্রধানের উপস্থিতিতে Millennium Summit বা সহস্রাব্দ শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে ১৯৯০ সালকে ভিত্তি বছর ধরে ২০১৫ সালের মধ্যে অর্জন করার জন্য ২৫ বছর মেয়াদি ৮টি লক্ষ্য নির্ধারণ করে, যা Millennium Development Goals (MDG) সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা নামে পরিচিত।

11:07 G G • 68%



Question 10 Incorrect

কোন দেশটি সর্বাধিক সংখ্যক বার নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য নির্বাচিত হয়?

A দক্ষিণ আফ্রিকা

B ভারত

C ব্রাজিল

D জাপান ✓

| A 6% | B 3% | C 20% | D 72% |
|---|---|---|---|

**Solution:**

জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য রাষ্ট্র ৫টি, যথা: যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, রাশিয়া ও চীন। অপরদিকে অস্থায়ী সদস্য ১০টি যারা নির্বাচিত হয় ২ বছরের জন্য। এখন পর্যন্ত নিরাপত্তা পরিষদে সর্বোচ্চবার অস্থায়ী সদস্য হয়েছে জাপান (১১ বার)।

Question 11 Correct

Question 11 Correct

এসডিজি পরিকল্পনার চতুর্থ লক্ষ্যমাত্রা হলো:

A Quality Education ✔

B Gender Inequality

C No Poverty

D Reduced Inequality

A 89% B 7% C 2% D 4%

**Solution:**

জাতিসংঘ ২০১৫ সালে ১৫ বছর মেয়াদি এসডিজি পরিকল্পনা গ্রহণ করে এবং এর ১৭টি লক্ষ্যমাত্রা ও ১৬৯টি সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়, যার চতুর্থ লক্ষ্যমাত্রা হলো: মানসম্মত শিক্ষা নিশ্চিত করা।

Question 12 Correct

নিচের কোনটি জাতিসংঘের দাপ্তরিক ভাষা নয়?

Question 12 Correct

নিচের কোনটি জাতিসংঘের দাপ্তরিক ভাষা নয়?

A ফ্রেঞ্চ

B স্প্যানিশ

C পশতুন ✓

D আরবি

A 1% B 1% C 98% D 0%

**Solution:**
জাতিসংঘের অফিসিয়াল মোট ভাষা- ৬টি। যথা- ১. ইংরেজি, ২. ফ্রেঞ্চ, ৩. চীনা, ৪. রুশ, ৫. স্প্যানিশ, ৬. আরবি।

Question 13 Skipped

জাতিসংঘ জনসংখ্যা তহবিলের শুভেচ্ছাদূত হিসেবে কাজ করেছেন বাংলাদেশের নায়ক-

Question 13 Skipped

জাতিসংঘ জনসংখ্যা তহবিলের শুভেচ্ছাদূত হিসেবে কাজ করেছেন বাংলাদেশের নায়ক-

(A) রহমান

(B) রাজ্জাক ✔

(C) প্রবীর মিত্র

(D) আলমগীর

| A 14% | B 46% | C 22% | D 19% |
|---|---|---|---|

**Solution:**

বাংলাদেশের চলচ্চিত্রের নায়ক রাজ খ্যাত রাজ্জাক জাতিসংঘ জনসংখ্যা তহবিলের শুভেচ্ছাদূত হিসেবে কাজ করেন।

Question 14 Correct

কোন রাষ্ট্রের স্বাধীনতা দানের মধ্য দিয়ে জাতিসংঘের অছি পরিষদের কার্যক্রম

Question 14 Correct

কোন রাষ্ট্রের স্বাধীনতা দানের মধ্য দিয়ে জাতিসংঘের অছি পরিষদের কার্যক্রম বন্ধ আছে?

A কসোভো

B ভ্যাটিকান

C ফিলিস্তিন

D পালাউ ✔

| A 6% | B 2% | C 4% | D 88% |
|---|---|---|---|

**Solution:**

অন্য রাষ্ট্রের তত্ত্বাবধানে পরিচালিত সার্বভৌমত্বহীন পৃথক জনপদ সমূহের শাসন, তত্ত্বাবধান ও সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য ১৯৪৫ সালে জাতিসংঘের অছি পরিষদ গঠিত হয়। তবে বর্তমানে অছি পরিষদের কার্যক্রম নেই বললেই চলে। ১৯৯৪ সালে পালাউ রাষ্ট্রের স্বাধীনতা দানের মধ্য দিয়ে এর কার্যক্রম স্থগিত হয়।

Question 15 Incorrect

Question 15 Incorrect

কোন সম্মেলনে জাতিসংঘের নামকরণ করা হয়?

A ওয়াশিংটন সম্মেলন ✔

B লন্ডন ঘোষণা

C তেহরান সম্মেলন

D আটলান্টিক সনদ

A 68% B 3% C 5% D 23%

**Solution:**

জাতিসংঘ বেশ কয়েকটি সম্মেলন ও সনদের মাধ্যমে ধাপে ধাপে গঠিত হয়। এর মধ্যে ১৯৪২ সালের জানুয়ারি মাসে যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন সম্মেলনে তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট 'The United Nation Declaration' ঘোষণা করেন। এ সম্মেলনেই সংগঠনটির নাম জাতিসংঘ বা United Nations করা হয়।

Question 16 Incorrect

Question 16 Incorrect

জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদে প্রতি বছর কতটি সদস্য বাতিল হয়?

A ১২টি

B ১৮টি ✔

C ১০টি

D ১৫টি

| A 6% | B 75% | C 11% | D 8% |
|---|---|---|---|

**Solution:**

জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদ ECOSOC (Economic and Social Council) এর সদস্য সংখ্যা ৫৪। নতুন সদস্য নির্বাচিত হয় ৩ বছরের জন্য। প্রতিবছর ১৮টি দেশ নতুন সদস্য নির্বাচিত হয় এবং ১৮টি বাতিল হয়।

Question 17 Correc

Question 17 Correct

জাতিসংঘের সাধারণ পরিষদের প্রথম সভাপতি কে ছিলেন?

A পল হেনরি স্প্যাক ✔

B বিজয়লক্ষ্মী পণ্ডিত

C হুমায়ূন রশিদ চৌধুরি

D কুর্ট ওয়াল্ড হেইম

| A 60% | B 9% | C 11% | D 19% |
|---|---|---|---|

**Solution:**

জাতিসংঘের সাধারণ পরিষদ জাতিসংঘের সকল সদস্য নিয়ে গঠিত। এর অন্য নাম আইন পরিষদ/ আলোচনা পরিষদ। সাধারণ পরিষদের নিয়মিত বার্ষিক অধিবেশন শুরু হয় প্রতিবছর সেপ্টেম্বর মাসের তৃতীয় মঙ্গলবার এবং মধ্য ডিসেম্বর পর্যন্ত তা চলে। জাতিসংঘের সাধারণ পরিষদের প্রথম সভাপতি ছিলেন পল হেনরি স্প্যাক (বেলজিয়াম)।

11:09 68%



Question 18 Correct

নিচের কোথায় জাতিসংঘ সচিবালয়ের আঞ্চলিক সদর দপ্তর অবস্থিত নয়?

A বৈরুত

B ব্যাংকক

C আদ্দিস আবাবা

D কায়রো ✔

| A | B | C | D |
|---|---|---|---|
| 7% | 16% | 4% | 72% |

**Solution:**

সচিবালয় হলো জাতিসংঘের মুখ্য কার্যনির্বাহী সংস্থা। এতে একজন মহাসচিব, একজন উপসচিব, ১২ জন অধস্তন সচিব, ১২ জনের অধিক সহকারী সচিব রয়েছে। এর সদর দপ্তর ৮টি। এর প্রধান সদর দপ্তর যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরে। অন্যান্য সদর দপ্তরগুলো হলো: জেনেভা, নাইরোবি, ভিয়েনা, ব্যাংকক, বৈরুত, আদ্দিস আবাবা, সান্টিয়াগো।

Question 19 Correct

11:09 68%

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

Question 19 Correct

জাতিপুঞ্জ গঠনের প্রস্তাবক কে ছিলেন?

A উইনস্টন চার্চিল

B ফ্রাঙ্কলিন রুজভেল্ট

C উড্রো উইলসন ✔

D জেমস মনরো

| A 7% | B 15% | C 78% | D 2% |
| --- | --- | --- | --- |

**Solution:**

মার্কিন প্রেসিডেন্ট উড্রো উইলসন ৮ জানুয়ারি, ১৯১৮ সালে মার্কিন কংগ্রেসে ১৪ দফা সম্বলিত একটি ভাষণ প্রদান করেন। ঐ ১৪ দফা প্রস্তাবের ১৪নং দফাতে একটি আন্তর্জাতিক সংস্থা প্রতিষ্ঠার কথা উল্লেখ ছিল। ১৯১৯ সালে অনুষ্ঠিত প্যারিস শান্তি সম্মেলনে তাঁর ১৪ দফা উপস্থাপিত হলে বিশ্ব নেতৃবৃন্দ একটি আন্তর্জাতিক সংগঠন প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত গ্রহণ করেন। সে সম্মেলনেই ২য় ভার্সাই চুক্তির মাধ্যমে ২৮ জুন জাতিপুঞ্জ গঠিত হয়।

Question 20 Correct

জাতিসংঘের সনদে কয়টি অনুচ্ছেদ রয়েছে?

A ১১৩টি

B ১১৯টি

C ১১১টি ✔

D ১৬৯টি

| A 3% | B 6% | C 84% | D 8% |
|---|---|---|---|

**Solution:**

জাতিসংঘ ব্যবস্থার উদ্দেশ্য, পরিচালনা কাঠামো এবং সামগ্রিক কাঠামোর বিষয়ে বিস্তারিত বিবরণ দেওয়া হয়েছে। সনদটিতে একটি প্রস্তাবনা, ১১১টি অনুচ্ছেদ ও ১৯টি অধ্যায় রয়েছে। জাতিসংঘ সনদের মূল লেখক- আর্কিবেল্ড ম্যাকলিস।

Question 21 Correct

জাতিসংঘের শরণার্থীবিষয়ক

Question 21 Correct

জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশন-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

A জেনেভা ✓

B নিউইয়র্ক

C লন্ডন

D রোম

A 88% B 10% C 0% D 3%

**Solution:**

জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশন (UNHCR) ১৯৫০ সালে প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত। সংস্থাটি দুই বার (১৯৫৪ ও ১৯৮১) শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে।

Question 22 Correct

International Court of Justice এর

Question 22 Correct

International Court of Justice এর বিচারকদের মেয়াদকাল কত বছর?

A ৬ বছর

B ৫ বছর

C ১১ বছর

D ৯ বছর ✔

| | | | |
|---|---|---|---|
| A 1% | B 6% | C 2% | D 92% |

**Solution:**

জাতিসংঘের আন্তর্জাতিক আদালত হলো- International Court of Justice (ICJ). এটি প্রতিষ্ঠিত হয় ২৬ জুন, ১৯৪৫ (কার্যক্রম শুরু ১৮ এপ্রিল, ১৯৪৬)। ICJ এর সদর দপ্তর নেদারল্যান্ডের হেগ শহরে। এর বিচারক সংখ্যা ১৫ জন এবং বিচারকের মেয়াদকাল ৯ বছর। এর সভাপতির মেয়াদ ৩ বছর।

Question 23 Incorrec

বর্তমানে সবচেয়ে বেশি প্রামাণিক

Question 23 Incorrect

বর্তমানে সবচেয়ে বেশি পারমাণবিক অস্ত্র মজুদ আছে কোন দেশের?

A চীন

B যুক্তরাজ্য

C যুক্তরাষ্ট্র

D রাশিয়া ✔

A 5% B 2% C 45% D 50%

**Solution:**

বর্তমানে সবচেয়ে বেশি পারমাণবিক অস্ত্র মজুদ রয়েছে রাশিয়ার কাছে। তালিকার দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে যুক্তরাষ্ট্র ও চীন।

Question 24 Skipped

UNICEF কত সালে জাতিসংঘের অন্তর্ভুক্ত হয়?

A ১৯৫৩ ✔

Question 24 Skipped

UNICEF কত সালে জাতিসংঘের অন্তর্ভুক্ত হয়?

A ১৯৫৩ ✓

B ১৯৯৯

C ১৯৬৫

D ১৯৪৬

A 26% B 1% C 18% D 54%

**Solution:**

জাতিসংঘের শিশু বিষয়ক তহবিল UNICEF (United Nations Children's Fund) ১৯৪৬ সালে গঠিত হলেও এটি জাতিসংঘের অন্তর্ভুক্ত হয় ১৯৫৩ সালে। পোল্যান্ডের চিকিৎসক লুদভিক রাজচম্যান এটির প্রতিষ্ঠাতা। ১৯৬৫ সালে সংস্থাটি নোবেল পুরস্কার পায়।

Question 25 Skipped

Question 25 Skipped

জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার পূর্ণ সদস্য কতটি?

A ১৯৭টি

B ১৯২টি

C ১৯৫টি ✔

D ১৯৩টি

| A 7% | B 3% | C 51% | D 39% |
|---|---|---|---|

**Solution:**

১৯৪৫ সালে প্রতিষ্ঠিত হয় জাতিসংঘের খাদ্য ও কৃষিবিষয়ক সংস্থা FAO যা সারা পৃথিবীতে ক্ষুধা নিরসন, খাদ্য নিরাপত্তা, অপুষ্টি ও কৃষি বিস্তারে কাজ করে। FAO এর সদস্য সংখ্যা ১৯৫টি।

Question 26 Correct

কোন আন্তর্জাতিক সংস্থা শিশুদের জীবনযাত্রার মানোন্নয়নে কাজ করে?

Question 26 Correct

কোন আন্তর্জাতিক সংস্থা শিশুদের জীবনযাত্রার মানোন্নয়নে কাজ করে?

A WHO

B Oxfam

C UNICEF ✔

D UNESCO

| A | B | C | D |
|---|---|---|---|
| 0% | 0% | 95% | 7% |

**Solution:**

UNICEF এর পূর্ণরূপ United Nations International Children's Emergency Fund. এটি প্রতিষ্ঠিত হয় ১১ ডিসেম্বর ১৯৪৬। ১৯৫৩ সালে জাতিসংঘের অন্তর্ভুক্তির পর এর নাম হয় United Nations Children's Fund. শিশুদের জীবনযাত্রার মানোন্নয়নে কাজ করে 'জাতিসংঘ শিশু-তহবিল' বা UNICEF ।

Question 27 Correct

Question 27 Correct

ILO এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

A রোম

B জেনেভা ✔

C লিঁও

D ভিয়েনা

A 5% B 88% C 1% D 7%

**Solution:**

ILO এর পূর্ণরূপ হচ্ছে International Labour Organization. ILO গঠিত হয় ১৯১৯ সালে যার সদর দপ্তর অবস্থিত সুইজারল্যান্ডের জেনেভায়।

Question 28 Incorrect

UNRWA (United Nations Relief and Works Agency) এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

Question 28 Incorrect

## UNRWA (United Nations Relief and Works Agency) এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

A কায়রো

B আম্মান ✔

C ভিয়েনা

D জেনেভা

| A 6% | B 53% | C 16% | D 25% |
|---|---|---|---|

**Solution:**

১৯৪৮ সালের আরব ইসরায়েল যুদ্ধের ফলে উদ্বাস্তু হওয়া ফিলিস্তিনি শরণার্থীদের সাহায্য করার জন্য ১৯৪৯ সালে জাতিসংঘের বিশেষ সংস্থা United Nations Relief and Works Agency (UNRWA) গঠিত হয়। এর সদর দপ্তর জর্ডানের আম্মানে। ফিলিস্তিন ছাড়াও এটি লেবানন, জর্ডান, সিরিয়া ও মধ্যপ্রাচ্যের আরো কিছু অঞ্চলে কাজ করে।

11:11 68%
online.uttoron.academy



Question 29 Correct

UNESCO কোন তারিখে একুশে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে স্বীকৃতি দেয়?

A ২০ নভেম্বর, ২০০১

B ১৮ ডিসেম্বর, ১৯৯৯

C ১৭ নভেম্বর, ১৯৯৯ ✓

D ২৯ ডিসেম্বর, ১৯৯৯

A 3% B 2% C 94% D 2%

**Solution:**

১৯৯৯ সালের ১৭ নভেম্বর অনুষ্ঠিত ইউনেস্কোর প্যারিস অধিবেশনে ১৮৮টি দেশের সমর্থনে একুশে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' ঘোষণা করা হয়।

Question 30 Incorrect

Question 30 Incorrect

## কোন চুক্তির মাধ্যমে স্বাধীন রাষ্ট্রভিত্তিক আন্তর্জাতিক সম্পর্কের শুরু হয়?

A প্যারিস চুক্তি

B ভার্সাই চুক্তি

C ওয়েস্টফেলিয়া চুক্তি ✔

D জেনেভা চুক্তি

A 12% B 68% C 19% D 2%

**Solution:**

আন্তর্জাতিক সম্পর্ক হলো রাষ্ট্রবিজ্ঞানের একটি শাখা যেখানে বিশ্বের সার্বভৌম রাষ্ট্রগুলির মধ্যে পারস্পরিক কার্যাবলির বৈজ্ঞানিক অধ্যয়ন করা হয়। অধ্যাপক পামার ও পারকিনস এর মতে, 'বিশ্ব সম্প্রদায়ের মত আন্তর্জাতিক সম্পর্কের অধ্যয়নও পরিবর্তনশীল' স্বাধীন রাষ্ট্রভিত্তিক আন্তর্জাতিক সম্পর্কের ইতিহাসের শুরু ১৬৪৮ সালের ওয়েস্টফেলিয়া চুক্তির মাধ্যমে। এই চুক্তির মাধ্যমে আধুনিক রাষ্ট্রব্যবস্থার ধারণার সূচনা হয়।